

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
[মুসক বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ]



নথি নং-০৮.০১.০০০০.০৭৬.১৬.০০৬.২০২৪

তারিখ: ০৬ জানুয়ারি ২০২৫

বিষয়: মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ বাস্তবায়নে মাঠ পর্যায়ের বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণসহ মতামত যৌথ ওয়ার্কিং কমিটির নিকট প্রেরণ।

সূত্র: (১) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৮.১১.০০১.১২/১৯৮(১-৭), তারিখ: ১১ জুন, ২০১৯।

(২) এ দপ্তরের পত্র নং- ০৮.০১.০০০০.০৭৬.১৬.০০৬.২০২৪/৩৮৭(১-১৫), তারিখ: ০৫ জানুয়ারি, ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মূল্য সংযোজন কর প্রশাসনের দক্ষতা বৃদ্ধি, করদাতা-বান্ধব অনলাইন ভ্যাট ব্যবস্থা সচল রাখা এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ বাস্তবায়নের ক্ষেত্রে মাঠ পর্যায়ে উদ্ভূত সমস্যা সমাধানে জাতীয় রাজস্ব বোর্ড ও এফবিসিসিআই এর সমন্বয়ে সূত্রোক্ত ০১ নম্বর পত্রের মাধ্যমে একটি যৌথ ওয়ার্কিং কমিটি গঠন করা হয়। এর পরিপ্রেক্ষিতে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ বাস্তবায়নে জাতীয় রাজস্ব বোর্ড ও এফবিসিসিআই এর সমন্বয়ে যৌথ ওয়ার্কিং কমিটির একটি সভা জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি) এবং যৌথ ওয়ার্কিং কমিটির আহ্বায়ক এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাঠ পর্যায়ের কর্মকর্তা ও ব্যবসায়ীদের নিকট থেকে ভ্যাট আইন বাস্তবায়ন বিষয়ক সমস্যা ও মতামত গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৩। এমতাবস্থায়, আপনার দপ্তর ও আওতাধীন দপ্তরসমূহের অথবা আপনার সংগঠন ও আওতাধীন সদস্যদের মাধ্যমে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ বাস্তবায়নের ক্ষেত্রে সম্মুখীন হওয়া গুরুত্বপূর্ণ সমস্যা চিহ্নিতকরণসহ মতামত যৌথ ওয়ার্কিং কমিটির নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, কমিটির পরবর্তী সভায় আলোচনাপূর্বক সমস্যাসমূহ নিরসনের উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


১. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা
(উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/যশোর/খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/
বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
২. প্রশাসক, এফবিসিসিআই, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
৩. সভাপতি/চেয়ারম্যান, দি ইনস্টিটিউট অফ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট
অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICMAB)/দি ইনস্টিটিউট অব চার্টার্ড
একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICAB)।
৪. সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি
(ডিসিসিআই)/মেট্রোপলিটান চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা/ফরেন
ইনভেস্টরস চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ফিকি)/বাংলাদেশ এসোসিয়েশন অব
সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)/ই-কমার্স এসোসিয়েশন অব
বাংলাদেশ (ই-ক্যাব)/বাংলাদেশ দোকান মালিক সমিতি।

স্বাঃ

প্রণয় চাকমা
দ্বিতীয় সচিব
(মুসক করদাতা সেবা) এবং
সদস্য সচিব
জাতীয় রাজস্ব বোর্ড ও
এফবিসিসিআই এর সমন্বয়ে
যৌথ ওয়ার্কিং কমিটি

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. সদস্য (মুসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, ঢাকা (কমিশনার, আইভাস ইউনিট)।
৪. সিনিয়র অতিরিক্ত মহাসচিব, এফিবিসিসিআই, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
৫. সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]।
৬. প্রথম সচিব (মুসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭. প্রথম সচিব (মুসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৮. একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. দ্বিতীয় সচিব (মুসক বাস্তবায়ন)(সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।


০৬/০১/২৫

প্রণয় চাকমা
দ্বিতীয় সচিব
(মুসক করদাতা সেবা)